

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৯২(আগরতলা ১৭।১)

বিশালগড়, ১৭ জানুয়ারি, ২০২৪

বিশালগড় মহকুমা হাসপাতালে চক্ষু চিকিৎসা শিবির

বিশালগড় মহকুমা হাসপাতালে সম্প্রতি এক চক্ষু চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব। শিবিরে মহকুমার ৯ জনের চোখ পরীক্ষা করে চোখের ছানি অপারেশনের জন্য আগরতলা জিবিপি হাসপাতালে রেফার করা হয়। তাদের প্রত্যেককে বিনামূল্যে চোখের ছানি অপারেশন করে চশমা দেওয়া হবে। শিবিরে উপস্থিত ছিলেন সিপাহীজনা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. জ্যোতির্ময় দাস, বিশালগড় মহকুমা হাসপাতালের ওপ্টিমেট্রিস্ট বিশ্বদীপ দত্ত ও অন্যান্য স্বাস্থ্য কর্মীগণ। বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।
